গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.habiganj.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব ইশরাত জাহান জেলা প্রশাসক হবিগঞ্জ।
সময়	:	১২.০০ টা
তারিখ	:	১৭/০৬/২০২১
স্থান	:	জেলা প্রশাসক, হবিগঞ্জ এর অফিস কক্ষ
সভায় উপস্থিতি	:	সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় জনাব মিন্টু চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য-সচিব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, হবিগঞ্জ জানান যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' প্রণয়ন করেছে। উক্ত নীতিমালার ৩ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করে পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করার বিধান রয়েছে। তিনি সভায় জানান যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' বাস্তবায়নের মাধ্যমে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা বৃদ্ধি পাবে তথা শুদ্ধাচার চর্চায় সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ আরো অধিক অনুপ্রাণিত ও উৎসাহিত হবেন।

২। 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য নির্বাচনের লক্ষ্যে নীতিমালার ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী মূল্যায়ন পদ্ধতি অনুসরণপূর্বক প্রদত্ত নম্বরসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনাক্রমে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীকে ২০২০-২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার প্রদানের জন্য মনোনীত করা হয়।

ক্রমিক নং	কর্মকর্তা-কর্মচারীর নাম	পরিচিতি	পদবী	গ্রেড	মূল বেতন
০১	জনাব তারেক মোহাম্মদ জাকারিয়া	১৫৯৯৫	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হবিগঞ্জ	৬ষ্ঠ	৪৯৯৮০/-
০২	জনাব মোঃ মিনহাজুল ইসলাম	২০৫৩৫	উপজেলা নির্বাহী অফিসার, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।	৬ষ্ঠ	৪৫৩৩০/-
০৩	জনাব মোঃ কুদ্দুছ আলী	-	অফিস সহকারী, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ	১৩	২১,৮৬০/-

৩। সভাপতি সভায় সরকারের এ মহৎ উদ্যোগকে স্বাগত জানান। গত অর্থবছরেও স্বীকৃতি স্বরূপ কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান করা হয়। এ ধরনের স্বীকৃতি কাজের মান বৃদ্ধি ও উদ্ভাবন চর্চাকে উদ্বুদ্ধ করবে। তিনি সভাকে জানান, নীতিমালা অনুযায়ী কোন কর্মচারী যে কোন অর্থবছরে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ০৩ অর্থবছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না। সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ কাজের মান উত্তরোত্তর বৃদ্ধি করে পরবর্তী পর্যায়ে পুনরায় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত হওয়ার লক্ষ্যে কাজ করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

চলমান পাতা - ২

৪। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাদের মতামত সভায় ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীদের প্রত্যেককে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং একটি ক্রেস্ট প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কাজের গতিশীলতা বৃদ্ধি করার বিষয়ে আরো সজাগ দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৬/২১

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-কৌশল বাস্তবায়ন কমিটি
হবিগঞ্জ।
ই-মেইল: dchabiganj@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৩৬০০.০০৩.০১৭.০০১.২১- ৪৫০ তারিখ : ২০ জুন ২০২১

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), হবিগঞ্জ ও সদস্য সচিব, জেলা বাছাই কমিটি, হবিগঞ্জ।
০৪। জনাব ....., সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি,হবিগঞ্জ।
০৫। অফিস কপি।

২০/০৬/২১

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।
ই-মেইল: dchabiganj@mopa.gov.bd